



# বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার, ১৪ লিংক রোড, পশ্চিম বাংলামোটর, ঢাকা- ১০০০

ওয়েবসাইটঃ www.pcb.gov.bd, ই-মেইলঃ info@pcb.gov.bd



স্মারক নং : পিসিবি/৮০৮

তারিখ : ১০.০৭.২০১৯

## মডেল ফার্মেসী প্রশিক্ষণ কর্মসূচী

বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ঊষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত/চলমান মডেল ফার্মেসীসমূহে 'এ' গ্রেড রেজিস্টার্ড ফার্মাসিস্ট হিসেবে কাজ করতে আগ্রহী ফার্মাসিস্টদের সপ্তাহব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে। এই মডেল ফার্মেসী প্রশিক্ষণ কর্মসূচী সফলভাবে সম্পন্নকারী 'এ' গ্রেড রেজিস্টার্ড ফার্মাসিস্ট মডেল ফার্মেসীতে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। এমতাবস্থায় বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের 'Better Health in Bangladesh (BHB): Technical Assistance to 4th Health, Population & Nutrition Sector Program' প্রকল্পের আওতায় বৃটিশ সরকার (UKaid)-এর অর্থায়নে ম্যানেজমেন্ট স্যাপোর্স ফর হেল্থ (MSH)-এর কারিগরি সহায়তায় বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক পরিচালিত উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক 'এ' গ্রেড রেজিস্টার্ড ফার্মাসিস্ট-দের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। উক্ত সপ্তাহব্যাপী প্রশিক্ষণ (অনাবাসিক) আগামী ২১ জুলাই ২০১৯ থেকে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলে অনুষ্ঠিত হবে এবং পর্যায়ক্রমে ৬ থেকে ৭টি ব্যাচের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।

আবেদন ফরম বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের ওয়েব সাইট (www.pcb.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে। আগ্রহী 'এ' গ্রেড রেজিস্ট্রেশন ধারী ফার্মাসিস্টদেরকে আগামী ১৫ জুলাই ২০১৯ তারিখের মধ্যে সচিব, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

### আবেদনের নিয়মাবলীঃ-

১. নির্ধারিত আবেদন ফরম (www.pcb.gov.bd ওয়েব সাইট হতে সংগ্রহ করতে হবে) পূরণ করে জমা দিতে হবে।
২. সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও 'এ' গ্রেড রেজিস্ট্রেশন সনদ/রেজিস্ট্রেশন রশিদ এর অনুলিপি জমা দিতে হবে।
৩. আবেদনপত্রের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ল্যাব প্রিন্ট ছবি জমা দিতে হবে।

বিঃদ্রঃ প্রশিক্ষণ সংক্রান্ত অনুসঙ্গিক ব্যয় Better Health in Bangladesh (BHB) প্রকল্প থেকে বহন করা হবে।

(মুহাম্মদ মাহবুবুল হক)

সচিব

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

4 Column 6 Inches